অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ক্যানারসিতে 14 মিলিয়ন মার্কিন ডলারের বন্যা সুরক্ষা প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার ঘোষণা করেছেন

সুপারস্টর্ম স্যান্ডির বার্ষিকীতে, স্টেট ব্রুকলিনের ফ্রেশ ক্রিক বরাবর বাসিন্দাদের রক্ষা করার জন্য কাজ শুরু করে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে গভর্নরস অফিস অফ স্টর্ম রিকভারি (Governor's Office of Storm Recovery, GOSR) ব্রুকলিনের ক্যানারসিতে ফ্রেশ ক্রিকের উপকূলের সবচেয়ে ঝুঁকিপূর্ণ অংশগুলিকে রক্ষা করার জন্য 14 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পে নির্মাণ কাজ শুরু করবে। প্রকল্পটি ভবিষ্যতে ঝড়ের সময় এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির সময় বন্যা কমিয়ে জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে সম্প্রদায়কে সাহায্য করবে এবং ভবিষ্যতে ঝড়ের ঘটনাগুলির সময় এলাকাটিকে আরও দ্রুত পুনরুদ্ধার করতে সহায়তা করবে।

"জলবায়ু পরিবর্তন হল একটি বাস্তব যার মোকাবিলা আমাদের অবশ্যই করতে হবে এবং আমি পরিকাঠামো তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ যা আমাদের সম্প্রদায়গুলিকে রক্ষা করবে যখন আমরা ক্রমবর্ধমান সমুদ্র এবং ক্রমবর্ধমানভাবে শক্তিশালী ঝড় মোকাবেলা করি," **গভর্নর হোচুল বলেন।** "ক্যানার্সি ঝড়ের উচ্ছাস ও বন্যার জন্য বিশেষভাবে ঝুঁকিপূর্ণ, এবং এই প্রকল্পটি এলাকাটিকে আরও স্থিতিস্থাপক করে তুলবে এবং বাসিন্দাদের মনের শান্তি দেবে যা তাদের প্রয়োজন এবং প্রাপ্য।"

ফ্রেশ ক্রিক উপকূলীয় সুরক্ষা প্রকল্প সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য কৌশলগত বন্যা সুরক্ষা ব্যবস্থা নিযুক্ত করবে, যা একটি ফেদারল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) মনোনীত বিশেষ বন্যার ঝুঁকিপূর্ণ এলাকা।

প্রকল্পটি GOSR-এর সাব-রেসিপিয়েন্ট অংশীদার, নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথোরিটি (Dormitory Authority of the State of New York, DASNY)-এর মাধ্যমে বাস্তবায়িত হবে।

অ্যাভিনিউস কে, অ্যাভিনিউ এল, অ্যাভিনিউ এম, অ্যাভিনিউ এন, এবং সিভিউ অ্যাভিনিউতে ফ্রেশ ক্রিক থেকে প্রবাহিত কালভার্টের মধ্যে টাইড গেট চেম্বারগুলি ইনস্টল করা হবে। এভিনিউ এম এ ফ্রেশ ক্রিকের অবক্ষেপণ পলি এবং অন্যান্য ধ্বংসাবশেষ যা পানির প্রবাহকে বাধাগ্রস্ত

করে তা দিয়ে অবরুদ্ধ, এটি একটি শক্তিশালী কংক্রিট স্টর্ম সিউয়ার অবক্ষেপণ দিয়ে পুনর্গঠন করা হবে।

ফ্রেশ ক্রিকের উপকূল বরাবর এই এলাকার বাসিন্দারা প্রায়ই জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করে। ঝড়ের জলোচ্ছ্বাস এবং উচ্চ জোয়ারের সময় জল উচ্চ স্তরে পৌঁছায়, যার ফলে ক্যাচ বেসিনগুলি ঝড়ের জলে উপচে পড়ে। টাইড গেট চেম্বারগুলি খাঁড়ি থেকে পানি কালভার্টের মধ্য দিয়ে বিপরীতে প্রবাহিত হতে বাধা দিতে সাহায্য করবে এবং বিদ্যমান নিষ্কাশন ব্যবস্থাকে আরও দক্ষতার সাথে কাজ করতে দেবে। অ্যাভিনিউ এম অবক্ষেপণের পুনরুদ্ধার বর্তমানে উপকূলরেখার অবনতি ঘটানো ভাঙনের প্রভাবগুলিকে প্রশমিত করবে।

2022 সালের শরত্কালে নির্মাণ শেষ হবে বলে আশা করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনার, রুথান ভিসনাউসকাস বলেছেন, "নিউ ইয়র্কবাসীরা যেমন আইডা চলাকালীন অভিজ্ঞতা করেছেন, যে ঝড়গুলি আমাদের বহু এলাকাগুলিকে পঙ্গু করে দেয় তা প্রায়শই ঘটছে। এই জাতীয় প্রকল্পগুলি, কিন্তু, আমাদের স্থানীয় ঝড়ের পরিকাঠামো স্থিতিস্থাপক এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলিতে আমরা আরও ভালভাবে প্রতিক্রিয়া জানাতে পারি তা নিশ্চিত করতে সহায়তা করতে পারে।"

GOSR-এ NY রাইজিং কমিউনিটি পুনর্গঠন এবং পরিকাঠামো প্রোগ্রামের ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর, আইলিন মেউস বলেছেন, "ফ্রেশ ক্রিক উপকূলীয় সুরক্ষা প্রকল্পে সম্প্রদায় এবং তৃণমূল স্তরের সংস্থাগুলির সাথে অংশীদারিত্বের মাধ্যমে, আমরা একটি সহযোগিতামূলক সমাধান খুঁজে পেয়েছি যা সম্প্রদায়ের প্রতিক্রিয়া এবং স্থানীয় স্টেকহোল্ডারদের দক্ষতার উপর নির্ভর করে। আমরা গর্বিত যে এই কৌশলগত বিনিয়োগ ক্যানারসিকে রক্ষা করতে এবং এই এলকগুলির বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

DASNY-র প্রেসিডেন্ট এবং CEO, রুবেন আর. ম্যাকড্যানিয়েল III বলেছেন, "DASNY ফ্রেশ ক্রিকের মতো প্রকল্পের নকশা এবং নির্মাণে GOSR এর সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত যা আমাদের উপকূলীয় সম্প্রদায়গুলিকে আবহাওয়ার ক্ষতি থেকে রক্ষা করতে এবং তাদের অর্থনীতি সংরক্ষণের জন্য গুরুত্বপূর্ণ।"

সিনেটর রোক্সান জে. পারসাউড বলেছেন, "আজকের ঘোষণাটি ফ্রেশ ক্রিকের ঠিক পাশে বসবাস করা বাসিন্দাদের জন্য সুসংবাদ যাদের বাড়িগুলি প্রায়শই উচ্চ জোয়ার, উপকূলীয় ঝড়ের জলোচ্ছাস এবং বৃষ্টিপাতের সময় বিপদে পরে। আমি গভর্নরের অফিস অফ স্টর্ম রিকভারি (Governor's Office of Storm Recovery) এবং DASNY কে ধন্যবাদ জানাই ফ্রেশ ক্রিক উপকূলীয় সুরক্ষা প্রকল্পের অধীনে 19তম সিনেট ডিস্ট্রিক্টের প্রতি এই অঙ্গীকারবদ্ধতার জন্য"।

বিধানসভার সদস্য উইলিয়ামস বলেছেন, "জরুরি প্রস্তুতি এবং দুর্যোগের প্রতিক্রিয়া সম্পর্কিত উপ-কমিটির চেয়ারপারসন হিসাবে, আমি গভর্নরের অফিস অফ স্টর্ম রিকভারিকে

(Governor's Office of Storm Recovery) সাধুবাদ জানাই। আমি ফ্রেশ ক্রিক উপকূলীয় সুরক্ষা প্রকল্পের বাস্তবায়ন দেখার অপেক্ষায় আছি যা আমাদের জেলায় স্থিতিস্থাপকতা উন্নত করবে।"

বিধানসভার সদস্য নিক পেরি বলেছেন, "এই অত্যাবশ্যক ফ্রেশ ক্রিক উপকূলীয় সুরক্ষা প্রকল্পটি সম্পূর্ণ হয়েছে তা নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোচুল এবং NYS অফিস অফ স্টর্ম রিকভারিকে (NYS Office of Storm Recovery) তাদের পরিশ্রমী প্রচেষ্টার জন্য সাধুবাদ জানাই। সুপারস্টর্ম স্যান্ডির মধ্য দিয়ে যাওয়া ক্যানারসির যে কোন বাসিন্দা এই ধরনের ঝড় প্রশমন প্রকল্পগুলির প্রয়োজনীয়তার প্রত্যয়ন করতে পারবেন যা নিশ্চিত করবে যে আরেকটি "জীবনে একবার" হওয়া আবহাওয়া সংক্রান্ত ঘটনা আবার এই অঞ্চলকে বিধ্বস্ত না করে।"

কাউন্সিলের সদস্য অ্যালান মাইসেল বলেন, "ফ্রেশ ক্রিক এবং আশেপাশের পানি বহু প্রজন্ম ধরে ক্যানারসি সম্প্রদায়কে সংজ্ঞায়িত করেছে। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং ঝড়ের জলোচ্ছাস বৃদ্ধির সাথে, এই পানিগুলি সম্প্রদায়ের কার্যকারিতার জন্য একটি আসন্ন ঝুঁকি হয়ে উঠেছে। এই মূলধন প্রচেষ্টা একটি আরও স্থিতিস্থাপক দক্ষিণ ব্রুকলিন তৈরি করার সাথে সাথে পরিকাঠামোগত উন্নতিতে দুর্দান্ত অগ্রগতি করবে। আমি গভর্নর হোচুল, রাজ্যের সদস্যদের এবং গভর্নরস অফিস অফ স্টর্ম রিকভারিকে সাধুবাদ জানাই নিউ ইয়র্ক জুড়ে তাদের কঠোর পরিশ্রমের জন্য, কিন্তু বিশেষ করে ক্যানারসির মতো এলাকাগুলিতে।"

ফ্রেশ ক্রিক সিভিক অ্যাসোসিয়েশনের (Fresh Creek Civic Association) সভাপতি মারিয়া গ্যারেট বলেছেন, "20 বছরেরও বেশি সময় ধরে আমি এই জলাশয়, ফ্রেশ ক্রিক নেচার প্রিজার্ভ, পুনরুদ্ধারের জন্য একটি প্রকল্প শুরু করার চেষ্টা করে চলেছি। আমাকে বিভিন্ন সংস্থা এবং নির্বাচিত কর্মকর্তাদের সাথে কাজ করতে হয়েছে, যা ছিল চ্যালেঞ্জিং কাজ। যেহেতু আমি এলাকার একজন বাসিন্দা, আমি এই প্রকল্পটিকে বাঁচিয়ে রাখতে সাহায্য করতে পেরেছি, এবং সেই কারণেই বাসিন্দাদের জড়িত রাখা সব সময়ই গুরুত্বপূর্ণ। এটা শুধু আমি নই যে এটা করেছে, এটা পুরো সম্প্রদায়ের প্রচেষ্টা।”

GOSR সম্পর্কে

2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত, GOSR সমগ্র স্টেটে সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লিয়ের পুনরুদ্ধার কাজের সমন্বয়সাধন করেছে। তার NY রাইজিং হাউজিং রিকভারি, ছোট ব্যবসা, সম্প্রদায় পুনর্গঠন, পরিকাঠামো, এবং ডিজাইন প্রোগ্রাম দ্বারা পুনর্নির্মাণের মাধ্যমে, GOSR ফেডারেল কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক অনুদান-দুর্যোগ পুনরুদ্ধার তহবিলে 4.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে নিউ ইয়র্ককে চরম আবহাওয়ার ঘটনাগুলির জন্য আরও ভালভাবে প্রস্তুত করতে। GOSR এবং এর প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য এখানে উপলব্ধ http://stormrecovery.ny.gov/।

NY রাইজিং কমিউনিটি রিকনস্ট্রাকশন অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার প্রোগ্রামের মাধ্যমে, রাজ্য স্থিতিস্থাপকতা উন্নত করতে, গুরুত্বপূর্ণ পরিকাঠামো রক্ষা করতে, ভবিষ্যত বিপর্যয়ের সাথে সম্পর্কিত ক্ষতি ও ক্ষয়ক্ষতির ঝুঁকি কমাতে, এবং কষ্ট কমাতে তার নিম্ন-থেকে-উর্ধমুখী সম্প্রদায় পরিকল্পনা প্রক্রিয়া চলাকালীন বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করে।

এখন বাস্তবায়ন পর্যায়ে, GOSR বিভিন্ন পৌরসভা, কাউন্টি, এবং অলাভজনক অংশীদারদের সাথে কাজ করে স্থানীয়ভাবে তৈরি করা শত শত প্রস্তাবনাকে বাস্তবায়িত করতে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন